গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/২৬৫ তারিখ: ২৯/০৬/২০২২

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২২ এর ফরম পূরণের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২২ এর পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ০৩/০৭/২০২২ তারিখ বিকেল ৪:০০ টা পর্যন্ত বর্ধিত করা হলো। ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কর্যক্রম অনলাইনে সম্পন্ন হবে।

ফিসের তালিকা:

১. বিজ্ঞান

পরীক্ষার্থীর প্রকৃতি	নিয়মিত	অনিয়মিত	অকৃতকার্য	জিপিএ উন্নয়ন
টাকার পরিমাণ	২৩৮৫/-	২৪৮৫/-	২৩৮৫/-	২৪৮৫/-

২. মানবিক/ ব্যবসায় শিক্ষা

পরীক্ষার্থীর প্রকৃতি	নিয়মিত	অনিয়মিত	অকৃতকার্য	জিপিএ উন্নয়ন	প্রাইভেট
টাকার পরিমাণ	১৮২৫/-	১৯২৫/-	১৮২৫/-	১৯২৫/-	১৭৭৫/-

৩. রেফার্ড (বিজ্ঞান/মানবিক/ ব্যবসায় শিক্ষা)

পরীক্ষার্থীর প্রকৃতি	১ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ছাড়া)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ছাড়া)	১ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিকসহ)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ১টা)	২ বিষয়ে অকৃতকার্য (ব্যবহারিক ২টা)	শুধুমাত্র আইসিটি
টাকার পরিমাণ	৮২৫/-	১০২৫/-	৯৬৫/-	১১৬৫/-	১৩০৫/-	৬২০/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও শর্তসমূহ:

১। www.debendracollege.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পূরণ করতে হবে।

২। ডাউনলোডকৃত ফরম পূরণ করার পর নিয়মিত পরীক্ষার্থীরা **বিকাশ/ নগদ/ট্যাপ** এর মাধ্যমে ফরম পূরণের ফিস জমা দিবে। ফরম পূরণের ফিসে গড়মিল থাকলে দ্রুত ফরম পূরণ কমিটির সাথে **(কলেজের কেন্দ্রীয় লাইব্রেরি)** যোগাযোগ করবে।

৩। অনিয়মিত/**অকৃতকার্য/ জিপিএ উন্নয়ন/ প্রাইভেট/ রেফার্ড পরীক্ষার্থীরা ফরম পূরণের** ফিস সোনালী ব্যাংকের কালেকশন বুথ, সরকারী দেবেন্দ্র কলেজ শাখা(**১০৭** নং কক্ষ, কেন্দ্রীয় লাইব্রেরির পশ্চিম পার্শ্ব সংলগ্ন) জমা দিয়ে ফরম পূরণ কমিটির নিকট থেকে (কলেজ লাইব্রেরীতে) যাচাই করে নিয়ে হিসাব শাখায় জমা দিবে।

৪. মোবাইলের মাধ্যমে বিকাশ, নগদ বা ট্যাপ এ ফরম পূরণ ফি নিম্নোক্ত প্রক্রিয়ায় জমা দিতে হবে:

বিকাশ, নগদ বা ট্যাপের অ্যাপ এ গিয়ে **Pay Bill** সিলেক্ট করে **Education** সিলেক্ট করতে হবে। অত:পর **Govt Debendra College** সিলেক্ট করলে **Bill Period** ও **Enter Student ID** আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের **ক্লাশ রোল নম্বর** দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

৫। বিকাশ/নগদ/ ট্যাপে ফি প্রদানের পর শিক্ষার্থীরা debendracollege.eshiksabd.com লিংকে গিয়ে User Name: **debebdrastudent**; Password: **debebdrastudent** দিয়ে **Log In** করে **Receipt Print** এ ক্লিক করে রোল নম্বর দিয়ে **Show Payment List** এ ক্লিক করে টাকা জমার স্লিপ প্রিন্ট করতে পারবে।

অনলাইনে/ ব্যাংকে ফরম পূরণের ফি জমাদানের পর শিক্ষার্থীদের করণীয়:

১. পূরণকৃত ফরম নিম্নোক্ত কাগজপত্রসহ নির্ধারিত সময়ের (অফিস চলাকালীন সময়ের মধ্যে ছুটির দিন ব্যতিত) মধ্যে ফরম পূরণ কমিটির নিকট(কলেজের কেন্দ্রীয় লাইব্রেরী) থেকে যাচাই করে নিয়ে হিসাব শাখায় অবশ্যই জমা দিতে হবে।

ক) রেজি: কার্ডের ফটোকপি ০১ টি

খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ০২ টি

গ) অকৃতকার্য, জিপিএ উন্নয়ন ও রেফার্ড পরীক্ষার্থীদের প্রবেশ পত্রের ফটোকপি-০১ টি

ঘ) নিয়মিত পরীক্ষার্থীরা বিকাশ/নগদ/ট্যাপে মাধ্যমে জমা স্লিপের প্রিন্ট কপিতে এবং অনিয়মিত/অকৃতকার্য/ জিপিএ উন্নয়ন/ প্রাইভেট/ রেফার্ড পরীক্ষার্থীরা ব্যাংক রসিদে **তাদের নাম, ক্লাশ রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ ও সচল মোবাইল নম্বর** লিখে জমা দিবে।

[বিশেষ দ্রষ্টব্য: নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে বা ফরম পূরণের পর প্রয়োজনীয় কাগজপত্রসহ পূরণকৃত ফরম কলেজের হিসাব শাখায় জমা দিয়ে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন না করলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।]

প্রতিস্বাক্ষর

29/6/2022

(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

29/06/2022

(টিপু সুলতান)
আহবায়ক
উচ্চ মাধ্যমিক পরীক্ষা পরিচালনা ও ফরম পূরণ কমিটি-২০২২
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।